

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৭.১৫-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আসলাম হোসেন, বাবুর্চি, “২৬টি নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের অওতায় নওগাঁ যুব প্রশিক্ষণ কেন্দ্রে কর্মকালীন ১৭-০৪-২০১৩ হতে ২৩-০২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে অত্র দপ্তরের ১০-০৯-২০১৫ খ্রিঃ তারিখের ৩৪৮ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মচারী জবাব দাখিল করেন এবং জবাবে ব্যক্তিগত শুনানী দিতে আত্মপ্রকাশ করায় ১৭-১১-২০১৫ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালীন তিনি জানান অসুস্থতাজনিত কারণে তিনি ১৭-০৪-২০১৩ হতে ২৩-০২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তবে চিকিৎসা সংক্রান্ত উপযুক্ত কাগজপত্র দেখাতে ব্যর্থ হন। দীর্ঘ অনুপস্থিতির এ সময়ে তিনি কোন ছুটির আবেদন করেননি কিংবা অফিসের সাথে কোনরূপ যোগাযোগও রক্ষা করেননি। কর্তৃপক্ষের অনুমোদনবিহীন এতদিন কর্মস্থলে অনুপস্থিত থাকা কোনভাবেই গ্রহণযোগ্য নয়;

যেহেতু, বিভাগীয় মামলার জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য ও নথি পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগ প্রমানিত। তবে তিনি একজন প্রকল্পভূক্ত কর্মচারী, চাকুরি রাজস্বখাতে স্থানান্তর হয়নি, থোক বরাদ্দে বেতন চলে। তাই সার্বিক বিবেচনায় তাকে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) বিধি মোতাবেক লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক “২৬টি নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের বাবুর্চি জনাব মোঃ আসলাম হোসেন-কে ‘তিরস্কার’ দণ্ড প্রদান করা হলো;
- খ) একই সাথে তার অননুমোদিত অনুপস্থিতিকাল ১৭-০৪-২০১৩ হতে ২৩-০২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত বিনা বেতনে ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ২৩-১১-২০১৫ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৭.১৫-৪২৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।
০৩। ডেপুটি কো-অর্ডিনেটর, “২৬টি নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।
০৪। সহকারী পরিচালক(প্রশাসন/আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণ এবং ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
০৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নওগাঁ।
০৬। জনাব মোঃ আসলাম হোসেন, বাবুর্চি, “২৬টি নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন” সমাপ্ত প্রকল্প, যুব প্রশিক্ষণ কেন্দ্র, নওগাঁ।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯